গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৩/হিসাব/এন-১/ ৪৬ তারিখ : ১৬/০৩/২০২৩ খ্রি.

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নিম্নোক্ত শর্তাধীনে আগামী ২৫/০৪/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার পদ্ধতি:

১। অধ্যক্ষ বরাবর সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ অন্যান্য কাগজপত্র ০৫/০৪/২০২৩ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত)কলেজের প্রশাসনিক শাখা হতে যাচাই পূর্বক আইসিটি সেল থেকে তালিকাভুক্তির ফি জমাদানের জন্য এন্ট্রি করে নিয়ে বিকাশ/ নগদের মাধ্যমে টাকা পরিশোধ করে অন্যান্য যাবতীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে।

২। রেজিস্ট্রেশনের জন্য তালিকাভুক্তির ফিসের বিবরণ:

তালিকা ভুক্তি ফি	কলেজ পরীক্ষার ফি (১৩ পত্র; প্রতি পত্র ৪০/- হারে)	ব্যবস্থাপনা ফি	সর্বমোট
১০৫/-	৫২০/-	৫০/-	৬৭৫/-

প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশন করার যোগ্যতা ও শর্তসমূহ:

০১। রেজিস্ট্রেশন নবায়ন ব্যতিত প্রাইভেট পরীক্ষার্থীরা ২০২৩ সালের পাঠ্যসূচী অনুযায়ী এইচএসসি পরীক্ষা-২০২৩-এ অংশ গ্রহণ করতে পারবে। বোর্ড কর্তৃক প্রনীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলী প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

২। প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নিবন্ধনকৃত (বা রেজিস্ট্রেশন করবে) হবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

৩। প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবল মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলামি শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যতীত) সে বিষয়/বিষয়সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

৪। প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাসের মূল নম্বরপত্র দাখিলে করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এস এসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনোক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

৫। যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

৬। যেসকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

৭। যেসকল পরীক্ষার্থী ২০১৮ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৫ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র জমা দিতে হবে।

৮। বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থির চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোনো অনুমোদিত কলেজের শিক্ষার্থী ছিল না এবং প্রার্থি কোন পরীক্ষায় বহিস্কৃত হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি)পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। অসত্য তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

৯। শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরির মেয়াদ বিজ্ঞপ্তি জারীর তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সিল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট জমা দিতে হবে।

১০। কোনো শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতি লেকক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এক্ষত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক(স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

১১। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী (TEST) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। আবশ্যিক বিষয় বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্য যে কোনো তিনটি নৈর্ব্যচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রত্যেক বিষয়ের পূর্ণমান ১০০ এবং সময় ৩ ঘন্টা।

১২। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে পরীক্ষার পূর্বে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। উক্ত রেজিস্ট্রেশন শুধু ০১(এক) বছরের জন্য বলবৎ থাকবে।

১৩। প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচীতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১৪। প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট পরীক্ষার ফি জমা দিতে হবে।

১৫। নির্বাচিত প্রাইভেট পরীক্ষার্থীগণ বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি মেনে চলতে বাধ্য থাকবে। কোন কারণ না দেখিয়ে যে কোনো পরীক্ষার্থীর আবেদন ফরম বাতিল করার ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে।

১৬। রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতয়ি তথ্যাদি ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducation board.gov.bd তে দেয়া আছে।

প্রয়োজনীয় কাগজপত্র:

১। প্রার্থির সাম্প্রতিক কালের উঠানো ০৫ কপি পাসপোর্ট সাইজের ছবি। (ছবির সম্মুখ প্রান্তে নিজের নাম লিখতে হবে)

০২। সকল কাগজপত্রের মূল কপি ও সত্যায়িত কপি (মোট-০২ সেট)।

০৩। অনলাইনে টাকা জমার রসিদের মূল কপিতে নাম, রোল নম্বর, মোবাইল নম্বর ও বিভাগ লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থীর কাছে থাকবে।

16.03.2023
(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং-২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।